# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 31 May, 2025

চট্টগ্রামের আনোয়ারা উপজেলার পিএবি সড়কে মাইক্রোবাস ও সিএনজির সংঘর্ষে দুজনের মৃত্যু হয়েছে।এ ঘটনায় আহত হয়েছেন আরো দুইজন।

শনিবার (৩১) মে সকাল সাড়ে আটটার দিকে আনোয়ারা-বাঁশখালী পিএবি সড়কে এ মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে।

নিহতের মধ্যে একজন হলেন মৃত হাফেজ গোলাম শফির পুত্র মো. ইয়াসিন (৪৩), অন্যজন এসএস এক্সপার্ট লি. নামের একটি কারখানার গার্মেন্টস কর্মী। আহতদের মধ্যে রয়েছে সিএনজি চালক ও সিএনজি যাত্রী। সিএনজি চালকের অবস্থা খুবই আশঙ্কাজনক বলে জানান প্রত্যক্ষদর্শীরা।

প্রত্যক্ষদর্শী মো. আজীম বলেন, বিকট একটি শব্দ পেয়ে দৌড়ে এসে দেখি একটি দ্রতগামী মাইক্রোবাস সিএনজিকে ধাক্কা দিয়ে দ্রুত পালিয়ে যায়।ঘটনাস্থলেই দুজনের মৃত্যু হয় এবং আহত সিএনজিচালক ও যাত্রীকে আশঙ্কাজনক অবস্থায় আনোয়ারা স্বাস্থ্য কমপ্লেক্সে পাঠানো হয়েছে।

এ বিষয়ে আনোয়ারা থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মনির হোসেন বলেন, খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছি।আহতদের উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে।নিহতদের লাশ ময়নাতদন্তের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

চট্টগ্রাম মাইক্রোবাস সিএনজি দুর্ঘটনা গার্মেন্টস কর্মী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 07:30

URL: https://timestodaybd.com/public/across-the-country/3190226135